6

দৈনিক সংবাদ

তারিখ 27 JUN 1996
পৃষ্ঠা: ১ কলাম ৭

# ব্র্যাকের শিক্ষা কর্মসূচির জন্য ৮০ লাখ পাউন্ড বৃটিশ মঞ্জুরি

ব্র্যাকের উপ-আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসূচির দ্বিতীয় পর্যায়ের জন্য বৃটেনের বৈদেশিক উন্নয়ন প্রশাসন (ওডিএ) ৮০ লাখ পাউন্ড স্টার্লিং মঞ্জুরি অনুমোদন করেছে। ঢাকাস্থ বৃটিশ হাই কমিশনের সংবাদ বিজ্ঞপ্তির বরাত দিয়ে বাসস এ খবর দিয়েছে।

বৃটিশ হাই কমিশনার পিটার জে. ফাউলার এবং ব্র্যাকের নির্বাহী পরিচালক ফজলে হাসান আবেদ গতকাল বুধবার সকালে ব্র্যাকের সদর দফতরে এক সাধারণ অনুষ্ঠানে মঞ্জুরি সংক্রান্ত চুক্তিতে সই করেন।